

Priyambada – Kabita – Short – SahaJiya – Sombrato Sarkar

প্রিয়ংবদা - সহজিয়া - সোমব্রত সরকার

ঘরকে আঙিনা করি। আঙিনাকে করে দিই র।

ইন্দ্রিয় দমন হলে যোগাচারে চিত্ত স্বয়ম্ভর।

প্রজ্ঞাটি গোপনে বাড়ে। ছোট হয় কায়াতরু ডাল।

পদকর্তা বলে বসে চারিদিকে মায়ার জঞ্জাল।

মায়াটি তরুণ মাংস। ছুটে যায় আমার হরিণী।

মায়া ভিন্ন কোনও কথা অবিদ্যাকে মানত করিনি।

অবিদ্যা আভাসমস্ত্র। নানাবিধ যোগের বায়না।

মহাসুখ জেগে গেলে যোগীগুরু শরীর চায় না।

২.

এক দেহেতে আছেন তিনি

এক দেহেতে কত;

পাঁচটি নাড়ি পাঁচটি স্থানে

পঞ্চতথাগত।

দেহের মধ্যে দেহশুদ্ধি

দেহের মধ্যে ছিপি;

আটকে গেলে জেগে উঠবে

নতুন প্রেমলিপি

Priyambada – Kabita – Short – Lalita Sabar Pala – Satyabati Giri

প্রিয়ংবদা - ললিতা শবর পালা - সত্যবতী গিরি

আমি তো তোমারই খোঁজে আদিগন্ত হাটে মাঠে ঘুরি-

পায়ে চলা পথ ধরে পেয়ে যাই শাল পিয়াশাল।

সমুদ্র যে কথা বলে মনে হয় তোমারই সংলাপ

দারুণমূর্তি দেখে ভাবি - এ মন্দিরে এখানে এখন-

ও যে আছে, সে কেবল সৌজন্যে তোমারই।

তাহলে তুমিই সেই; অবিরল দিনরাত্রি কাটে

ভাঙে গড়ে রাজ্য রাজা জনপদ নগর মন্দির

তুমি থাকো অপেক্ষায় অজাত ভ্রূণের বন্ধু হয়ে

সে মেলাবে একই সঙ্গে সিংহাসন আর শালবীথি।

বহু যুগ পার হয়, রাজ্য রাজা সকলেই যায়-

অরণ্যের অধিকার বিনষ্ট স্মৃতির স্তূপ আজ

সমস্ত হারিয়ে আমি পায়ে চলা পথের কিনারে

একা একা খুঁজে ফিরি তোমার নীলাভ মুখখানি।

Priyambada - Kabita - Short – Biplob – Binod Bera

প্রিয়ংবদা - বিপ্লব - বিনোদ বেরা

সবুজের অভিযান অর্থশূন্য হলে
শ্যামল ছেলেরা
ঠাণ্ডা আবহাওয়ার গ্লানি এবং ঝিক্কারে
আঙুনের মধ্যে ঢুকে লাল হয়ে ওঠে।
শক্ত মুখ জাঁহাবাজ রক্ষ ও কর্কশ
আক্রোশে অনেক কিছু ভাঙতে গিয়ে ফেটে পড়ে-
ঝড়ে বহিঃপাতে শুধু ধুলো ছাই
সন্দেহ ও অবিশ্বাস হানাহানি বিভৎস পতন।

ভিতরে ফাটল - তবু জোড়াতালি ভরসা আঁকড়ে প্রাণপণ
ক্ষিপ্র নড়ে বিষম সাহসী কিছু অঙ্গার পুতুল
হাল্কা কুয়াশার ধাঁ ধাঁ পৌষের খড়খড়ে মাঠে
ছাপোষা চাঁদের
অস্পষ্ট আলোর মাঝরাত্তে
ছুটন্ত কয়েকটি কালো বিদীর্ণ বিদ্যুৎ
শরীর লুকাতে চায় সে কোনো বিবরে!